দৈনিক জনকণ্ঠ

16

তারিখ ... ... NOV. 03 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

## পরীক্ষা পিছানোর দাবিতে বরিশালে তাণ্ডব ॥ গাড়ি ভাংচুর অবরোধ

স্টাফ রিপোর্টার, বরিশাল ॥ এক দল উচ্ছৃঙ্খল পরীক্ষার্থী পরীক্ষা পিছানোর দাবিতে বরিশালে তাণ্ডব সৃষ্টি করে। ব্যাপক বোমাবাজি, ৬টি গাড়ি ও বিএম কলেজে ব্যাপক ভাংচুর করে। প্রায় দু'ঘণ্টা সড়ক অবরোধ করে রাখে। মঙ্গলবার অনার্স তৃতীয় পর্ব পরীক্ষা পিছানোর দাবিতে ব্রজমোহন কলেজের ছাত্ররা এ ঘটনা ঘটায়। অন্যদিকে অপর এক দল ছাত্র নির্ধারিত সময়ে পরীক্ষা নেবার দাবি জানিয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল ১০টায় উচ্ছৃঙ্খল পরীক্ষার্থী ব্রজমোহন কলেজের

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## পরীক্ষা পিছানোর

(১২-এর পাতার পর)

ক্যাম্পাসে মিছিল বের করে। মিছিলকারীরা কলেজের সামনের রাস্তা অবরোধ করে রাখে। এ সময় তারা বোমাবাজি করে। তারা কলেজ অধ্যক্ষকে কিছুক্ষণ ঘেরাও করে রাখে। পরে তারা ডিসি অফিসে স্মারকলিপি দেয়। এ সময় তারা সদর রোড অবরোধের চেষ্টা করে। ক্যাম্পাসে ফিরেও তারা বোমাবাজি করে এবং ২টি ট্রাক, ২টি মাইক্রোবাস, ১টি কার ও ১টি টেম্পো ভাংচুর করে। ক্যাম্পাসে ঢুকে তারা মৃত্তিকা বিজ্ঞান, রসায়ন বিভাগ এবং অশ্বিনীকুমার শিশু নিকেতন ভাংচুর করে। মিছিলের পিছনে পুলিশ থাকলেও তারা নীরব দর্শকের ভূমিকা পালন করে। দুপুর ১টা পর্যন্ত এ তাণ্ডব চলে। অন্যদিকে সৈয়দ হাতেম আলী কলেজে ডিগ্রী পাস কেন্দ্র বাতিলের প্রতিবাদে কলেজের আশপাশে ভাংচুর, বিক্ষোভ শেষে ডিসি'র কাছে স্মারকলিপি দেয়।